মূল্য ঃ ৫ টাকা

সত্যের পথ

যারা ভগবানকে চায় শুধু তাদের জন্য

২৩শ বর্ষ, ৮ম সংখ্যা

ডিসেম্বর, ২০২৫
অগ্রহায়ণ, ১৪৩২

সূচীপত্র

২৩শ বর্ষ, ৮ম সংখ্যা

অগ্রহায়ণ ১৪৩২/ডিসেম্বর ২০২৫

শিবচেতন হোক জাগ্রত		৩
ব্রহ্মজ্ঞান ভিত্তিতেই গড়ে উঠবে সুষম-সাম্য-সমন্বিত বিশ্বব্যবস্থা	অধ্যাপক (ডঃ) রমাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়	৪
উৎস	সনৎ সেন (পণ্ডিচেরি)	১৪
আজাদ হিন্দ ফৌজ অপরাজেয়	পার্থসারথি বসু	১৪
The Truth	Prof. (Dr.) R. P. Banerjee	২০

সম্পাদক : **রমাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়**

প্রকাশক ও মুদ্রক : **বিবুধেন্দ্র চ্যাটার্জী**
২১, পটুয়াটোলা লেন
কোলকাতা—৭০০ ০০৯

মুদ্রণের স্থান : ক্লাসিক প্রেস
২১, পটুয়াটোলা লেন
কোলকাতা—৭০০ ০০৯

দাম : **৫ টাকা**

সবরকম যোগাযোগের ঠিকানা ঃ
ডঃ আর. পি. ব্যানার্জী
ডি. এল-১১/৫, সল্ট লেক সিটি
(চতুর্থ তল)
কোলকাতা—৭০০ ০৯১
দূরভাষ ঃ ২৩৫৯ ৪১৮৩
(সল্ট লেক করুণাময়ীর নিকট
সি. কে. মার্কেটের বিপরীতে)

সাক্ষাতের সময় ঃ
রবিবার বিকেল পাঁচটার পর

সম্পাদকীয়

শিবচেতন হোক জাগ্রত

মানবিক বৈশিষ্ট জগৎ মাঝে হয়েছে বিস্তৃত। মানবিক সম্পদ সর্বদাই জগৎ বিকাশের জন্য হয়েছে ব্যাপৃত। মানুষের জগৎ, সমাজ এর দ্বারা এগিয়েছে বিপুল পরিমাণে। মানুষ এখন সর্বদাই তৎপর এগিয়ে যেতে, এগিয়ে চলবে। জগৎ মাঝে যে প্রভা এসেছে এখন তারই হবে উত্থান সার্বিকে। যে প্রাণ গড়ে উঠেছে জগতের এই বাতাবরণে এখন তারই সময় নবীন ভাবনার পাখায় ভর করে উড়ে চলা আর তারই পটভূমিতে বুঝে নেওয়া জগতের এই অনন্ত জীবন প্রবাহের তাৎপর্য কি? কোন বা সেই ভাবনার রথ যার রয়েছে আকাশের মাঝে পথ রচনা করে নিয়ে নভোমণ্ডলের কেন্দ্রের অভিমুখে করতে অভিযান। খুঁজে নিয়ে তারই সঙ্গে হবে প্রস্তুত জীবনের মেল বন্ধন। যে ভাবনার দল শুধুমাত্র মাটির গন্ধে হয়ে আকৃষ্ট ছিল ভূমি ছুঁয়ে তার এখন নিত্য বিকাশের অমৃতক্ষণ। চেতনার দীপ্তি এখন জগতের মাঝে করে নেবে নতুন করে নবীন অবস্থান। এখন জীবনের যা কিছু নতুন গড়নের আসবে ঐ ক্ষণ সে হয়ে উঠবে মূর্ত মানবের আহ্বানকে নবীন যোজনার মধ্য দিয়ে করে নেওয়া এক অনন্য পরিচয়ের আহ্বান। এরই এখন নতুন হয়ে উঠবার সুযোগ, নবীন ভাবনার পরশ করে গ্রাস হয়ে উঠবার পর্ব ঐ অনন্য তার দীপ্তি করে উন্মোচিত।

জীবন প্রদীপ গড়ে নিয়েছে নিজের আলোর মণ্ডলী। মানুষে মানুষে ঐ আলোর প্রবাহকে করে কেন্দ্রস্থ জীবনের নবীন ভাবে হয়ে ওঠা। যে ভাবদীপ্তি অন্ত পরের মাঝে স্থির মাত্রায় ভাবনার গামনাগমন যেন যেন স্বতদীপ্ত হয়ে জগৎ মাঝে গড়ে তুলেছে এক স্থির অচঞ্চল অনাবিল ভাবরাজি। এখন ভাবরাজি যারই রয়েছে বিকশিত বিস্তৃত হয়ে স্থির অচঞ্চল উপাধির সীমা পেরিয়ে এগিয়ে চলতে জীবন পরিগ্রহের জন্য। এমনই জীবন বিকাশ এই পরিমণ্ডলের মাঝে যারই হয়েছে এই জগৎ পরিবেশের সঙ্গে মিশে গিয়ে হতে অনন্যতায় বিকৃত। জগৎময় যে ভাব বিকাশ ক্ষণ এখন তারই হয়ে উঠবে উন্মোচনের আগ্রহ। উন্মোচনহল হয়ে ওঠা এমনই যার অভ্যন্তরের সর্ব অন্ধকার পেরিয়ে আলোর প্রবাহে তার ওঠা এক আলোক প্রদীপ হয়ে।

দিনের রাতের যা কিছু আলো এসেছে হয়ে প্রাণের সংগ্রহ সবই সময়ের কর্পূরে যায় উড়ে। দিনের মাঝের কর্ম চাঞ্চল্য আর রাতের স্তিমিত চেতনের অবগুণ্ঠন সবই মিলেমিশে এক হয়ে যেন স্বচ্ছ বায়ুর হিন্দোলে এগিয়ে চলতে চায় এই চেতনের নিত্য অধিকারের সীমার মাঝে অচঞ্চল দৃঢ় স্থির অথচ অনন্ত গতির সম্ভাবনাকে হৃদয়ে ধারণ করে নিয়ে এগিয়ে চলার পথযোজনা করে জগতের সব সীমাকে করে অতিক্রম এগিয়ে যেতে। যা কিছু হয়েছে সম্ভব এপর্যন্ত জীবন ব্যাপ্ত চেতন প্রভা তার সবটাকে করেছে একান্ত আবেশে আবিষ্টন। স্থিতির হৃদয়ের ভাবদীপ্তি স্থিতির প্রাণপ্রবাহকে করে তুলেছে অনন্ত প্রভাময় এক একান্ত গতিষ্মান জীবন সম্পদ। এখন এই ক্ষণ যারই মধ্যে রয়েছে নিহিত জগৎ ব্যাপ্ত ঐ শক্তির পাখা মেলে এগিয়ে চলবার। এই ক্ষণ প্রভার দীপ্তি এখন জীবনের যা কিছু নিহিত উদ্দেশ্য যার যা কিছু রয়েছে ভাব বিকাশের পথ এখন সে সবেরই সময় আরও প্রসারিত হয়ে যাওয়া। নিত্য নিরঞ্জনের নিত্য আলোকপ্রভায় হয়ে ভাস্বর জীবন প্রদীপ দিয়েছে উপহার আলোর বলয়। এমন আলোক প্রভার রয়েছে আবাহনী আর বিকাশের ব্যাপ্তি। আবাহনির মধ্য দিয়ে এগিয়ে চলতে এই জীবনের নিজ বৃত্ত হয়ে চলবে সদাই প্রসারণশীল। ব্যাপ্তির মাঝে রয়েছে ক্ষুধা আর রয়েছে ক্ষুধা তৃপ্তির অঙ্গীকার। ক্ষুধার এই বহর যেন জীবনের নিত্যই এক এগিয়ে চলবার শক্তিকণার বীজ পরিচয়। ক্ষুধার রাজা দীপ্তির মধ্য দিয়ে এগিয়ে চলার এই আহ্বানে সাড়া দিয়ে ঐ ক্ষুধার তৃপ্তির আগ্রহকে করতে চায় ব্যাপ্ত।

জীবনের ক্ষুধার পর্ব হয়েছে জৈবনিক-মানসিক আর জাগতিক। জৈবনিক বা বায়োলজিক্যাল। এমনই ক্ষুধার মৌল রীতি সব প্রাণেরই মাঝে যেন হয়ে রয়েছে একাকার। এমন এক অনন্য একাকার হয়ে বিরাজ করা যার একাংশ হয়ে উঠতে পারে অনন্যতায় বিধৃত এক অনন্যচেতন প্রকাশ যার অন্তর-বাহির সবই হয়ে উঠবে ক্ষুধার দ্বারা আচ্ছন্ন। এক থেকে একাধিকে বা বহুতে ব্যাপ্ত হতে চাওয়ার সমপ্রসাদ মনের অঙ্গণে নিয়ে আসতে পারে ঐ অনন্য ভাব ধারার বিকাশ পক্ষকেই ধারণ করে সব ক্ষুধার আস্তরণ সরিয়ে দিয়ে আনন্দের অনন্যতায় ডুবে যাওয়া। জাগতিক এই জৈব ক্ষুধা শুধুমাত্র শক্তিবিনাস বা অনন্যভাব সঞ্চারকে গ্রহণ করবার আনন্দকে প্রকাশ চেতনে নিয়ে এসে ঐ প্রকাশ চেতনের সবকটি পটভূমির মধ্যেই সমন্বয়ী প্রভার অবতারণার মধ্য দিয়ে এগিয়ে চলার প্রয়াস জগৎপথের সব সীমানায়। ক্ষুধা বিনাশ আনতে সক্ষম স্বল্প পরিসরে। ক্ষুধার ক্রমতৃপ্তী বিনাশক আহ্বান করে নিয়ে আসে স্থায়ী এক কালের পরিচয়ের মধ্যেই। জাগতিক ক্ষুধার ক্রম তৃপ্তির মধ্য দিয়ে ক্ষুধাতুর সব বিকাশময় জীবনকে আবাহন করে অনন্যতায় ভরিয়ে দিতে পারে ঐ ক্ষুধার ক্রম তৃপ্তি। ক্ষুধা যদি শুধুমাত্র হয়ে ওঠে ভাগবতী তবেই সে ক্ষুধার অস্তিত্বই ভাগবতী ভাবসঞ্চার ও ভাব বিকাশ হয়ে ওঠে। আর ক্ষুধার তৃপ্তি বাড়িয়ে দেয় ভক্তি, ভগবৎ প্রেম ফুটে ওঠে ভাগবতী ক্ষুধার ক্রম তৃপ্তির আর পরিণতির সঞ্চার পর্বে।

—ঃঃ—

ব্রহ্মজ্ঞান ভিত্তিতেই গড়ে উঠবে সুষম-সাম্য-সমন্বিত বিশ্বব্যবস্থা

অধ্যাপক (ডঃ) রমাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়

রাম রাজত্ব সম্ভব হয় যদি পাওয়া যায় শ্রীরামচন্দ্রকে। রাম বিনা রামরাজত্ব হবে কেমন করে। রাষ্ট্র, সমাজ বা কেন সংস্থা পরিচালনের জন্য চাই রাজা যিনি হবেন তেমনই চরিত্রের যে চরিত্র দেবসম। রাজা হবেন তেমন দিব্য চরিত্রের আর পালন করবেন হিতকারী ভূমিকা সর্বদাই। রাজা হবেন অন্যের জন্য হিতকারী। সংস্থা সমাজ বা রাষ্ট্রের যে কোন পর্যায়েই রাার এই হিতকারী ভূমিকা সব সময়ে থাকবে সচল। রাজার ব্যক্তিত্ব আর চরিত্রই প্রধান বিষয়। ব্যক্তিত্ব হতে হবে সর্বদাই ভাল পরিণাম নিয়ে আসবার জন্য সবার তরে। তেমনই সমাজ বা রাষ্ট্রের জন্য রাজার ভূমিকা হবে ভাল পরিনামী। এজন্য রাজার ব্যক্তিত্ব ও চরিত্রকে গড়ে তোলার দায় তার নিজের। এজন্য রাজাকে হতে হবে ব্রহ্মবিদ্যায় পারদর্শী। ভগবানের পথে অনুভব যিনি করেছেন তিনি ক্রমে এগিয়ে চলবেন; ঐরকম চরিত্র ও ব্যক্তিত্বের অধিকারী হয়ে উঠতে পারবেন। সমাজ বা রাষ্ট্রের মাথায় যিনি বা যারা বসে আছেন বা বসবেন হতে হবে তাদের বেদবিদ্যায় পারঙ্গম। বেদবিদ্যার স্বভাব হল যে যিনি এই বিদ্যার পথে এগিয়েছেন তিনি পারেন অনুভব ও উপলব্ধি অর্জন করতে যার মাধ্যমে হয় তার চরিত্রের উন্মেষ। রাজার চরিত্র হতে হবে দেবসম। তিনি হবেন সদাই বাসনামুক্ত ও কামনামুক্ত। রাজার চরিত্র হবে স্বার্থপরতামুক্ত, হবেন তিনি সদাই নিবেদিত। রাজা অথবা প্রধান কর্তৃত্বের অধিকারী যদি কামনামুক্ত না হন তবে তার পক্ষে সবার দায় ও দায়িত্ব বহন করা সম্ভব হবে না রাজা স্বয়ং বাসনা-কামনার দ্বারা আক্রান্ত হলে তবে তার মধ্যে আসবে আবিলতা। তিনি তখন শাসক থেকে সরে এসে হয়ে ওঠেন শোষক। জনস্বার্থ সুরক্ষা, সমাজ-রাষ্ট্র সংস্থার স্বার্থ সুরক্ষা ও ঐ স্বার্থকে আরও শক্তিশালী করবার পরিবর্তে নিজের স্বার্থ অথবা নিজ বৃত্তের জন বা স্বজনদের স্বার্থ সুরক্ষার দিকে সদা নজর রেখে রাষ্ট্র, সমাজ বা সংস্থার চলবার গতিমুখ সর্বদা নিজ স্বার্থ সিদ্ধির দিকে নিয়োজন করবেন। বেদবিদ্যার অভ্যাস আর বেদ চর্চা রাজাকে ক্রমশ কলুশবিহীন চরিত্রের অধিকারী করে গড়ে তোলে। প্রতিদিনের প্রতিক্ষণের জীবন চলার মধ্যে যদি ভাগবতী জ্ঞানকণা করে প্রবেশ করে ঐ রাজার চরিত্র গড়ে তোলে অভ্যন্তর থেকেই। ভগবানকে বরণ করে দিয়ে ভগবানকে জীবনের অপরিহার্য করে গড়ে তোলার মধ্য দিয়ে রাজা স্বয়ং হয়ে ওঠবেন নিঃস্বার্থ এক চরিত্র যিনি, নিজের বা নিজবৃত্তের জনদের জন্য ধ্যান না দিয়ে সমাজ, রাষ্ট্র বা সংস্থার সবার জন্য হয়ে উঠবেন নিত্য শুভপ্রদ, কল্যাণকারী ও কল্যাণকামী।

ভারতবর্ষের প্রাচীন বৈদিক সমাজই পৃথিবীতে মানব সভ্যতার আদি সাম্য সমাজ। এই সময়ের এবং পুরোপুরি বৈদিক সভ্যতার প্রায় দশহাজার বছর ধরেই ভারতবর্ষ পৃথিবীকে দিয়েছে একটি সাম্য সমাজ প্রতিষ্ঠার। পরবর্তীকালে ও প্রাক্ আধুনিক যুগে তারা চিন্তা করেছেন কোনও রকমের সাম্যের ভারতের প্রাচীন সভ্যতাকে তারা বোঝেননি, আর কিঞ্চিৎ বুঝলেও কোনও কোন ক্ষেত্রে অবহেলা করেছেন। ধর্ম-অর্থ-কাম-মোক্ষ এই চতুর্বর্গ ছিল প্রাচীন বৈদিক সময়ে ভারতের জীবন বৈদিক দর্শনের ভিত্তিতে জীবন। ঐ সময়ের জীবন ছিল ধর্মের ভিত্তিতে প্রতিষ্ঠিত। ধর্মের ভিত্তিতে যখন হবে জীবন প্রতিষ্ঠিত জীবনের চলার পথের জন্য চাই ধর্মভিত্তিক সমাধান। ধর্ম অনুশাসনের মৌল আদর্শ হল শুভ সম্পাদন করা। যা কিছু সৎ, যা কিছু শুভ সবই হয়ে ওঠে বহুজনের জন্য শুভ সম্পাদনকারী। যা কিছু শুভকারী আর যা কিছু সৎ অভিসরী সে সবকেই বরণ করে নেওয়া যায় এই পটভূমিতেই। ধর্মের ভিত্তিতে গড়ে ওঠে যে সমাজ, রাষ্ট্র বা সংস্থা যে মেনে চলে সব শুভকারী পথ। ব্যবহার ও চরিত্র সম্পদ গড়ে ওঠে জীবনের এগিয়ে চলার পথে। যা কিছু সৎ, যা কিছু ভাল, যা কিছু নবীন হয়েও সদাই হয়ে ওঠে সুষম ও সুস্থ চিন্তার ক্ষেত্র সেটিই হয় ধর্মবোধে সদা প্রতিষ্ঠিত। ধর্মবোধ মানুষকে কোনও অন্যায় পথে যেতে দেয় না। অন্যায় পথে জীবন এগিয়ে চলতে গেলে ধর্মবোধ বিবেক হয়ে বাধা দেয় সে জীবনকে। তাই ধর্মবোধের ভিত্তি থাকলেই জীবন অন্যায়কারী হয় না — প্রত্যক্ষে বা পরোক্ষে। যা কিছু শুভ ধর্মবোধের উপর সেসব প্রতিষ্ঠিত।

দেবতার দিব্য আলোয় ঃ তা অন্য নমসা সহঃ সপর্যন্তি প্রচেতসঃ।
ব্রতানি অস্য সপ্রিরে পুরুনি পূর্বচিত্তয়ে।
বসবোঃ অনু স্বরাজ্যম্।। (ঋ. বে. ১/৮৪/১২)

ঐ চেতন রশ্মি এসেছে এখন জগৎ মাঝে স্বতঃই

আসুক জাগ্রত বিবেক হয়ে উন্মুক্ত তোমার জন্য।
জ্ঞানের প্রভা হোক মুক্ত জীবন মাঝে সদাই
হোক তোমার প্রকাশ জগৎময় জীবন ব্যাপী সর্বত্র।
এখন এসেছে জীবনের প্রকাশ পর্ব সবখানে।
জ্ঞানেরবিস্তার হোক জীবনের সবখানে সবসময়ে।
উঠুক জেগে সাধনার আগ্রহটি হয়েছে যদি শুরু
এখন আসুক সময় বিকাশের তোমার কৃপায়।।

তোমারই এই নিবেদনে ঃ ইন্দ্রঃ দধীচী অস্থিভিঃ।
বৃত্রাণি অপ্রতিষ্কুতঃ অপ্রতিষ্কুতঃ জঘান্ নবতীঃ নব।। (ঋ. বে. ১/৮৪/১৩)
ঋষির আলোর দীপ্তি পড়েছে ছড়িয়ে
যেমন করে এসেছে সময়ের স্রোতে
তোমার অনন্ত চেতন প্রবাহের হোক উন্মোচন
যে সত্য হয়েছিল প্রকট দেব ব্যবস্থায়
এখন সময় এসেছে সে দেব ব্যবস্থার বিকাশের
ছিল যা কিছু দেব ব্যবস্থার প্রতিবন্ধক
হোক তার নিত্য দিনের নিত্য বিমোচন দেব বিকাশে
শত বৃত্র রহনন যেমনে দেবরাজ করেছেন দেব প্রতিষ্ঠা।।

জীবনের দেবশক্তি ঃ ইচ্ছন্ অশ্বস্য যৎ শিরঃ।
পর্বতেষু অপশ্রিতম্। (ঋ. বে. ১/৮৪/১৪)
এই অন্তর রাজ্যে রেখেছি দৃষ্টি তোমার সন্ধানে
হয়েছে যেমন করে এক গতিময় সম্ভার।
দাও তোমার ঐ গতিময় প্রকাশ উন্মোচন
হোক এক নবীন প্রেরণার সঞ্চার এখানে
যেমন প্রভা এসেছিল ঐ প্রকাশ পর্বে
এখন হয়েছে ক্ষণ চলতে প্রেরণার পথে।
নিজ অন্তঃপুরে রয়েছে যে ভাবপ্রদীপ
জীবনের সকল আশ্রয় হয়েছে প্রসারিত গতিময়।।

দেবসত্যের বাহন ঃ অত্রাহ গোঃ অমন্বত নাম তুষ্টঃ অপীচ্যম্।
ইত্থ্যা। চন্দ্রমসো গৃহে।। (ঋ. বে. ১/৮৪/১৫)
যে প্রকাশ পরিচয় হয়েছিল প্রকট
হয়েছে সে প্রকাশ জীবনের নিবিড় প্রকারে
নিত্য গড়নে নিত্য প্রভায় হয়ে পাথেয়।
তোমার এই বহু প্রজ্ঞার প্রকাশ বৈচিত্রে
এখন ঐ বহু প্রজ্ঞা হোক বহু বিস্তার।
যে প্রকাশ স্বল্প প্রভায় হয়েছে দিপ্ত
হোক তার বহু বিস্তার দেব সত্যের হয়ে বাহন।।

ভারতের প্রাচীন বৈদিক সভ্যতার ভিত্তি ছিল চতুবর্গ। সমাজের প্রতিষ্ঠাভূমি ছিল ধর্মবোধ। ধর্মই ছিল সমাজের বন্ধনী। ধর্মের লক্ষ্য ও অভিমুখ ছিল সর্বদাই ভগবান। ঋষিরা ছিলেন সমাজের কেন্দ্র পুরুষ। ঋষি ছিলেন সমাজের বিবেক ও সমাজের প্রজ্ঞা। মহাভারতের যুদ্ধ পরবর্তী যে ব্যবস্থা পত্তন করেন মহারাজ যুধিষ্ঠির সেটির অনুশাসনের প্রথা ছিল ধর্ম, ধর্মের অভিমুখ ঈশ্বর

লাভ। ধর্মভিত্তির সমাজ ব্যবস্থা তাই ঈশ্বর কেন্দ্রীক। মহাভারতের একটি শিক্ষা এবিষয়ে বিশেষ উল্লেখের। এটি রাজর্ষি নহুশ, তার পুত্র যযাতি এবং যযাতিপুত্র পুরুরাজের অভিজ্ঞতার বিবরণ। মহাভারতে ব্যাসদেব এই তিন পরম্পরার তিন রাজার বিষয় মোটামুটি বিস্তৃত বর্ণনায় জানিয়েছেন। মূল চরিত্রটি রাজা যযাতির। এর বাবা ছিলেন রাজর্ষি নহুশ। নহুশকে জনসাধারণ খুব শ্রদ্ধা করতেন, ঠিক ঋষির শ্রদ্ধা তিনি সদাই পেতেন।

যযাতির রাজশক্তির প্রভাব ছিল সর্বত্র বিদিত। যযাতি এমনিতে ছিলেন প্রজাহিতকর। তার ব্যক্তিত্বেরও ছিল খুব আকর্ষণী ক্ষমতা। ঋষির মুষমা মুণ্ডিত ও ঋষির গুণ সমন্বিত ছিলেন যযাতি। তিনি এমনিতেই ছিলেন খুব নিষ্ঠাবান, কর্তব্যনিষ্ঠ আর গুণনিষ্ঠ; কিন্তু ভগবৎ বিষয়ে তেমন আগ্রহ গড়ে ওঠেনি। যযাতি সর্বদাই ছিলেন কর্তব্যনিষ্ঠ, ছিলেন ক্ষাত্রশক্তির অধিকারী প্রভূত মাত্রায়।

যযাতির বিবাহ হয় দৈত্যগুরু শুক্রচার্যের কন্যা দেবযানীর সঙ্গে। কিন্তু ঘটনার পরম্পরা ও পরিণতিতে দৈত্যরাজকন্যা শর্মিষ্ঠার সঙ্গেও তিনি রত হন সম্পর্কে। এটি পৌঁছায় শুক্রাচার্যের কর্ণে। এই ঘটনার পরিণতিতে যযাতির ভাগ্যে আসে শুক্রাচার্যের অভিশাপ - হাজার বৎসরের জরাগ্রস্থ জীবন।

যযাতি অবশ্য এমন ক্ষমতাও পান যার ফলে নিজের জরাগ্রস্ত অবস্থা অন্যের অনুমতি সাপেক্ষে তাকে দিয়ে সুস্থাবস্থা নিজে ভোগ করতে পারেন। যযাতির মনে এই সময় উদয় যে অনন্ত বাসনার। সেই বাসনার তৃপ্তীর জন্য তিনি তার পুত্রদের কাছেই প্রস্তাব দেন তার জরাটি নিয়ে পরিবর্তে যুবক অবস্থা তাকে দিতে। কনিষ্ঠ পুত্র পুরুই একমাত্র এই প্রস্তাবে রাজী হয়ে যায়। যযাতির জরাগ্রস্ত অবস্থাটি প্রাপ্ত হয় পুত্র, পুরু আর পিতা, যযাতি এখন পেয়ে যায় যুবক অবস্থা। শুধু তাই নয়, এখন যুবক অবস্থায় যা কিছু ভোগের বিষয় হয়েছে সে সব উপযুক্তভাবে ভোগ সাধনের দ্বারা পুরোপুরি তৃপ্ত হবার জন্য বিপুল সামর্থ যযাতি পেয়ে যান। হাজার বছরের তারুণ্য পেয়ে গিয়ে যযাতি বিপুল শক্তি আর সম্পদ সংহত করে নিজের ভোগ বাসনমা চরিতার্থ করতে নিজেকে পুরোপুরি নিয়োগ করলেন। এমনভাবে দিনের পর দিন, বছরের পর বছর, শতাব্দী সমূহের কালব্যাপী বিপুল ভোগ উপকরণের মধ্য দিয়ে নিজের মনোমত তৃপ্তী খুঁজে চললেন যযাতি। একটি থেকে অন্য ভোগ উপকরণে ডুবে গেলেন তৃপ্তী পাওয়ার আশায়। নানা বরণে নানা ধরণে একটি থেকে অন্য ভোগকারী উপাদানের মধ্যে ডুবে গিয়েই যযাতি চেয়েছে তার ভোগের আকাঙ্ক্ষার সঠিক পরিতৃপ্তী।

হাজার বছরের তারুণ্য ও যুবক অবস্থার বলবতী হয়ে যযাতি জীবনের ভোগাকাঙ্ক্ষা তৃপ্তীর জন্য যত উপায় হতে পারে সবই অবলম্বন করেছে। যযাতি জীবনের এই বিপুল অভিজ্ঞতা অর্জন করেছেন নিজের কনিষ্ঠ পুত্রের সামর্থ্য শক্তি যুবক স্বভাব ও চরিত্রের ভোগশক্তি প্রাপ্ত হয়ে। মানব সভ্যতার অভ্যন্তরে যে মানব মনের ক্রিয়াশক্তি তার প্রকৃত চিত্রটি কেমন করে নিম্নগামী আকাঙ্ক্ষায় পিষ্ট হয়ে মানবের সমাজ ও সভ্যতাকে সর্বদা নিম্ন রুচি, নিম্ন স্বভাব, নিম্ন চরিত্রের বিন্যাসটি ধরা পড়েছে। যযাতির এই বিপুল অভিজ্ঞতার মধ্যে। যযাতি একদিকে বিপুল প্রভাবশালী একজন রাজা, এরই মাঝে অর্জন করেছে যুবকের সামর্থ ও শক্তি যা হয়েছে দীর্ঘস্থায়ী ও হাজার বছর ব্যাপী অক্ষত। এমন একটি পরিবেশ এবং চরিত্র মানব সমাজের ভোগস্পৃহার ক্ষেত্রে প্রতিনিধি স্থানীয়। যযাতি তার সবরকম বাসনা পূর্ণ করবার সব সহযোগ ও ব্যবস্থার সাহায্যেই অফুরন্ত সব ভোগ উপকরণ পেয়েছেন নিজের অনায়াস অধিকারে; যেন জীবনের একমাত্র করে পেয়েছেন সব।

মন্ত্রের দীপ্তি এসে তুমি দিতে কো অদ্য যুঙ্কে ধুরি গা ঋতস্য।
দর্শন স্বীয় মহিমায় ঃ শিমীমতী ভামিনো দুই নায়ুন।
আসন দুষন্। ঋতসু অসৌ ময়োভুন্।
য এষাং ভৃত্যাম্ ঋনবৎ স জীবাৎ।। (ঋ বে. ১/৮৪/১৬)

এসেছ যদি দিতে দর্শন সম্মুখে এখন
তবে কেমনে করি ব্যাক্ত তোমারই মন্ত্র।
তোমারই শক্তি রয়েছে নিহিত তোমার মন্ত্রে
স্বয়ং যখনই হয়েছে মূর্ত কেন যাচি তোমার মন্ত্র।
স্বতঃই উৎসারিত রয়েছে যে মন্ত্র হয়েছে
শরবৎ নিগর্মন স্বতঃই অবারিতে সব সময়ে

তোমায় পেয়ে এখন হয়েছে প্রশান্ত এ হৃদয়
এসেছো হে পরম প্রিয় তুমি তোমারই স্বীয় মহিমায়।।

না চাইতেই এসেছ হে কৃপাময় ঃ

ক ঈষতে তুজ্যতে কো বিভায়।
কো মংসতে সন্তম্ ইন্দ্রং কো অন্তি।
কঃ তোকায় ক দভায়।
উত রায়ে অধি ব্রবৎ তনৈ কো জনায়।। (ঋ. বে. ১/৮৪/১৭)

তোমায় যদি চাই কেমনে তোমায় করি আহ্বান
কোন মন্ত্র রয়েছে গতি শ্রেষ্ঠ যা পারে করতে আকর্ষণ।
তোমারই চেতনার এই ঢেউ আসুক অন্তর মাঝে হয়ে দীপ্ত
দাও হে প্রাণের দেবতা তোমারই ঐ পরম প্রেরণা জীবনে।
এস হে দেবতা এই অন্তর মাঝে হয়ে স্বয়ং বাহিত
যা কিছু বাহন যন্ত্র অথবা হস্তি অশ্বের রথ।
রয়েছে মহাশূন্যে বিরাজমান দৃশ্যে বা অদৃশ্যে
পেয়েছি সে বাহন এখন তোমারই অধীনে এই দর্শনে।।

সূক্ষ্মে অন্তরে ঃ

কো অগ্নি হৃদয়ে।
হবিষা ঘৃতেন সুচা যজাতা। ঋতুভিঃ ধ্রুবেভিঃ।
কস্মৈ দেবা আ বহান্ আশু হোম।
কো মংসতে বীতিহোত্রঃ সুদেবঃ।। (ঋ. বে. ১/৮৪/১৮)

করেছে যদি আহ্বান কোনও ক্ষণ মাঝে
ঐ দিব্য চেতনের স্পর্শ দিতে জীবনের এই প্রবাহে।
দিয়েছ তাকে চেতনার পরশ দিয়েছ জাগরণের শক্তি।
দেবতার দীপ্তি হোক প্রকাশিত জীবনের এই পর্বে।
আসুক এখন দেবতায় বরণের ক্ষণ এই যাত্রায়
তোমার দেবচেতনের এই বার্তা হোক ব্যাপ্ত সর্বত্র হৃদয়ে।
যেমনে দিয়েছ এই উৎসর্গের প্রেরণায় তোমায় করতে বরণ
তেমন করেই পেয়েছি তোমায় চিত্ত মাঝে সুক্ষ্মে হৃদয়ে।।

নিত্য নিবেদনে ঃ

ত্বম্ অঙ্গ প্র সংসিষো।
দেবঃ শবিষ্ঠ। মর্ত্যম্।
ন ত্বৎ অন্যৌ মঘবন্ অস্তি মণ্ডিত।
ইন্দ্র ব্রবীমি তে বচঃ।। (ঋ. বে. ১/৮৪/১৯)

পার্থিব এই জীবন পরিবেশ পেয়েছে স্পন্দন
তোমার জগৎ বিস্তারের জগতের পথে পথে
হয়েছে যখনই চিত্ত মাঝে বিকাশ তোমার ভাব
পেয়েছি তোমায় একান্ত চিত্তে নিত্য নিবেদনে।
করেছি বরণ তোমায় হৃদয় রাজ রূপে অন্তরে।
এখন করি তোমায় নিত্য নিবেদন ভাব পথে।
যেমন করে এসেছে তোমার অনুভব জীবনে
হোক তার স্ফূর্তি সদা জাগ্রতে তোমায় বরণে।।

রাজা যযাতির পিতা রাজর্ষি নহুশ ছিলেন ব্রহ্মজ্ঞানের অধিকারী যযাতির ছিল সব রকমের জাগতিক বিশিষ্ঠ; কিন্তু ছিল সব রকমের জাগতিক গুণের প্রাবল্য; কিন্তু ছিল এক বিরাট ঘাটতি। যযাতি ভাগবতী পথের ছিলেন না। তাই সহজেই তার মনের আর প্রাণের অঙ্গন দখল করে নিল বাসনা-কামনা, ভোগের জন্য লালসা। হাজার বছরের এই বাসনা-কামনার অবারিত উপভোগ যযাতির জীবনে নিয়ে আসতে পারত পরিতৃপ্তী কিন্তু তার জীবনে চলে এল তীব্র ধীক্কার। অফুরন্ত ভোগজীবন যাপনের পরে যযাতি তৃপ্ত হয়নি, সুখী হতে পারেনি। জীবনের সারসত্য অর্জন করলেন যযাতি। নিজের প্রিয় পুত্র পুরুষ সুন্দর যুবক অবস্থাটি নিজে নিয়ে, নিজেই অফুরন্ত ভোগজীবন যাপন আর নিজের কৃতকর্মের জন্য অর্জিত জরাগ্রস্ত অবস্থাটি পুরুর জীবনে দিয়ে দেবার ফলে এসে বিবেকের দংশন আর প্রবল ধীক্কার যযাতির জীবনে।

ন জাতু কামঃ কামনাম্ উপভোগেন শাম্যতি।
হবিষ্যাঃ কৃষ্ণ বর্তম্ এব এবভূয়ঃ এব অভিবর্ধতে।। (মহাভারতম্ ১/৩৭/১২)

কাম্য বস্তুর বিপুলতম উপভোগের দ্বারা কামনার নিবৃত্তি হয় না; বরং ঘৃতের সংযোগ পেলে জ্বলন্ত অগ্নিকুণ্ডের মধ্যে যেমন জ্বলবার ক্ষুধা বেড়ে গিয়ে অগ্নি আরও তীব্রতায় জ্বলতে থাকে, তেমনিই বাসনা কামনার ক্ষেত্রে কাম্যবস্তুর উপভোগে বাসনা ও কামনার বাড়বাড়ন্ত ঘটতে থাকে।

নিজের জীবনের এই দীর্ঘ কালপ্রবাহের অর্জিত যযাতি ব্যাক্ত করলেন পুত্র পুরুর কাছে। হাজার বছরের উদ্দাম ভোগজীবনের পর যযাতির অভিজ্ঞতা ব্যাক্ত হল একটি অনন্য উদাহরণ হিসাবে।

যৎ পৃথিব্যাঃ ব্রীহিযবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ।
একস্য অপি ন পর্যাপ্তং তস্মাৎ তৃষ্ণাং পরিত্যজেৎ।। (মহাভারতম্ ১/৩৭/১৩)

পৃথিবীতে খাদ্যসম্পদ, ধনসম্পদ, পশু ও জীবসম্পদ, নারী রয়েছে সবই মিলিতভাবে একজনের ভোগাকাঙ্ক্ষা মেটাতে পারে না। সুতরাং ভোগের আকাঙ্ক্ষা পরিত্যাগ করাই শ্রেয়।

যযাতি বুঝলেন জীবনের এত দীর্ঘ কালের দীর্ঘ অভিজ্ঞতা দিয়ে সৃষ্টির মাঝে মানুষের এক বিরাট সত্যকে উপলব্ধি করলেন তিনি। যে অভিজ্ঞতা একটি ব্যক্তি জীবনের অনুভব দিয়ে ধরা পড়েছে সেটি কোন বিশেষ একজনের জন্য নয়, এটি সামগ্রিকভাবে সমগ্র মানব সভ্যতার জন্য এক চিরকালীন শাশ্বত সত্যেরই অভিজ্ঞতা সম্পৃক্ত।

যাঃ রদুঃ ত্যজা দুর্মতি অভিঃ যাঃ ন জীর্য্যতি জীর্য্যতঃ।
যঃ অসৌ প্রাণান্তিকো রোগঃ তাং তৃষ্ণাং ত্যজতঃ সুখম্।। (মহাভারতম্ ১/৩৭/১৪)

হীন বুদ্ধির কবলে পতিত ব্যক্তি সহজে কামনা ত্যাগ করতে পারে না, শরীর জীর্ণ হয়ে গেলেও কামনা জীর্ণ হয় না; এবং যে তৃষ্ণা প্রাণনাশক রোগস্বরূপ, সেই তৃষ্ণাকে যে ত্যাগ করতে পারে, তারই সুখ হয়।

হীন বুদ্ধিই মানমুষকে বাসনা-কামনার রাজ্যে নিয়ে যায়। প্রথমেই ঘটে বুদ্ধি নাশ ও বিবেক হানি। বুদ্ধিনাশ হলেই গড়ে ওঠে হীন বুদ্ধি হীন বুদ্ধি মানুষকে টেনে নিয়ে যায় নিচু প্রবৃত্তির দিকে। হীনবুদ্ধির কবলে যে ব্যক্তি পড়ে তারই মধ্যে গড়ে ওঠে বাসনা কামনার আকর্ষণ। বাসনা-কামনার জালে যে মন যায় জড়িয়ে তার সেখান থেকে বেরিয়ে আসা হয়ে ওঠে কঠিন। একটির পর একটি বাসনার জালে বন্দী হয়ে যায় সে জীবন। শরীর অপটু হয়ে গেলেও এমন হীনমন হীন রুচির কবলে যে মানুষ পড়ে তার বাসনা-কামনার দাসত্বের জাল ছিঁড়ে বেরিয়ে আসা সম্ভব হয় না। কামনা-বাসনার তৃষ্ণা সীমাহীন। এ তৃষ্ণা মেটে না যদি একবার মনের স্তরটি নেমে আসে। মনটি ভগবৎ আকর্ষণ বঞ্চিত হয়ে থাকলে তার এই ভাগবতী ভাববিহীন শূন্যতার মধ্যে ফুটে ওঠে বাসনা-কামনার আকর্ষণ। তাই হীনবুদ্ধির বেড়াজাল থেকে বেরিয়ে আসতে পারলে মনের মাঝে ভাগবতী ভাব ফুটে উঠবার ক্ষেত্র হয় প্রস্তুত।

হিতয়কারী কৃপা ঃ মা তে রাধাংসি মা ত উতয়ো।
বসৌ। অস্মান কদাচনা দভন্।
বিশ্বা চ ন উপমিহী। মানুষ।
বসুনি চর্ষনিভ্য আ।। (ঋ. বে. ১/৮৪/২০)
দিয়েছ জীবনের শক্তি জীবনের পথচলায়
দিয়েছ জ্ঞান সম্ভার চলতে এগিয়ে কালের পথে

দিয়েছ তোমার কৃপার পরশ সদাই উদার ভাবে
অনন্ত এই জীবন পথে তোমারই সকাশে হয়েছি স্থিত
পেয়েছি তোমার অফুরন্ত দান তোমার কাল প্রদীপে।
যেমনে হয়েছে সাধনের দীপ্তি যেমনে চেয়েছি তোমায়
দিয়েছ তেমনই ভাবপ্রদীপ করতে বরণ সদাই।
মানবের হিতকারী হোক তোমার এই কৃপার দান সদাই।।

ভাস্বর হোক প্রজ্ঞা ঃ

প্র যে শুম্ভন্তে জনয়ো ন সপ্তয়ো যামন্।
রুদ্রস্য সুনবঃ সুনং সমঃ।
রোদসী হি মরুত। চক্রিরে বৃধে।
মদন্তি বীরা বিদথেষু ধন্বয়ঃ।। (ঋ. বে. ১/৮৫/১)

করেছ সৃষ্টি ঐ দেবভূমি দেবতার তরে
আবার করেছ রচনা পার্থিব এই বিশ্ব মানবের তরে
জ্ঞানের আলো করেছ প্রসারিত জীবন মাঝে
হয়েছি সে আলোয় নিত্য স্নাত জগৎ চেতনে।
ঐ চেতন প্রজ্ঞা হয়েছে অগ্নিরূপী সংবেদ
জীবনের মাঝে দেবতার আহ্বান হয়েছে মূর্ত।
তোমার ঐ অসুর বিনাশী শক্তি হোক প্রবল
কর মোচন জগৎ পাত্র অদিব্য প্রভা করে হনন।।

দেবপ্রকাশ অন্তরে ঃ

ও উশ্রিতাসৌ মহিমানম্ আশৎ।
দিবি রুদ্রাসৌ অধি চক্রিরে সদঃ।
অর্চন্তৌ র্কং জনয়ন্ত ইন্দ্রিয়ম্।
অধি শ্রিয়ো দধিরে পৃষ্ণি মাতরঃ।। (ঋ. বে. ১/৮৫/২)

দেবরাজের এই রজবিস্তার এখন সদাই
হয়েছে সকল পরিচয়ের সীমা অতিক্রম
এখন তোমার দেবশক্তির বিস্তার করেছ সর্বত্র
উদার এই দৈবী প্রসাদ দিয়েছ উদার চেতনা
মানবের মাঝে হয়ে প্রসারিত জীবনের সম্পদ
যেমন করে এসেছে জীবনের সূচনায় আহ্বান।
তোমার ভজনার উৎসাহ দিয়েছ সদাই অন্তরে
দেবতার নিত্য নিরঞ্জন ঐ প্রকাশ হয়েছে অন্তরে।।

দেব আলোকময় ঃ

গোমাতরী যৎ শুভয়ন্তে অজ্জিভিঃ।
তনুষু শুভ্রা দধিরে বিরুক্মতঃ।
বাধন্তে বিশ্বম্ অভিমাতিনম্ অপ।
বর্ত্মানি এষাম্ অনু রীয়তে ঘৃতম্।। (ঋ. বে. ১/৮৫/৩)

আলোর কণায় হয়েছে স্নাত যে
পেয়েছে আরও গভীরে অন্তর প্রদেশে দৈবী প্রভা
পেয়েছে আরও গভীরে অন্তর প্রদেশে দৈবী প্রভা
তোমার আলোয় হোক ভরপুর এ জীবন সকল
তনুতে তনুতে অনুতে অনুতে হও তুমি প্রকাশময়।

হোক তোমার এই দীপ্ত আলোক জ্যোতিঃ সঞ্চারী
যেমন করে এসেছে বার্তা দেবলোক থেকে
তেমনই হোক জ্যোতির্ময় সকলে হয়ে দিব্য অভিসারী।
দেব আলোক পথ হোক এখন জগতে ভাস্বর।।

বিষয়তৃষ্ণা অনন্ত। বিষয় তৃষ্ণার কবলে যে ব্যক্তি পড়ে তার সেখান থেকে চলে আসা সম্ভব হয় না।

যযাতি ছিলেন বিশাল দেশের অধিবাসী ও অধিপতী। যযাতির ছিল রাজা হওয়ার প্রচলিত সব গুণ। বাস্তব জ্ঞান বাস্তব বিদ্যার প্রভূত অধিকারী ছিলেন যযাতি। ভগবৎ পথ তাকে আকর্ষণ করেনি। যযাতি চরিত্রে ঢুকে পড়েছিল কামনার ঝলক। কামনার এক ঝলকই যযাতিকে বিশাল কামনার পাহাড়ে আবদ্ধ করে রেখেছিল। যযাতি পেয়েছিল অবারিত কামনার ঢেউ। পুত্র পুরুষ কাছে নিজের অভিজ্ঞতার বর্ণনায় যযাতি ঐ পর্বে তার মনের ভিতর কেমন করে একের পর এক কামনার ঢেউ আছড়ে পড়েছিল সেটি বললেন ঃ—

পূর্ণ বর্ষ সহস্রং মে বিষয়ঃ আসক্ত চেতন।
তথা অপি অনুদিনং তৃষ্ণা মম ইতিস্ব অভিজায়তে। (মহাভারতম্ ১/৩৭/১৫)

আমি হাজার বছর ধরে বিষয় আসক্ত হয়ে বিষয়ের মধ্যেই মজে ছিলাম।

তৎ সত্ত্বেও আমার মধ্যে অবিরত নতুন নতুন কামনা-বাসনার সঞ্চার হয়েছে।

যযাতির এই অভিজ্ঞতা থেকে জ্ঞান সঞ্চয় করেছে কৌটিল্য। অর্থশাস্ত্রে কৌটিল্য রাজা চরিত্র বিন্যাস করেছেন কামনা-বাসনার প্রভাব মুক্ত রাষ্ট্রীয় নেতৃত্বের পত্তনের প্রয়াস থেকে। কৌটিল্যও চেয়েছেন রাজা হবে নির্মোহ চরিত্রের ত্যাগী ও চরিত্রবান হতে হবে রাজাকে।

রাজ্ঞৌ হি ব্রতম্ উত্থানম যজ্ঞঃ কার্যঃ অনুশাসনম্।
দক্ষিণাবৃত্তিঃ সাম্যং তু দীক্ষা তস্য অভিসেচনম্।। (কৌটিল্যের অর্থশাস্ত্র, ১/১৯/৩৩)

রাজা ব্রত পালনের মাধ্যমে বিশেষ ও বিশাল হয়ে ওঠে। রাজার রাষ্ট্রীয় অনুশাসনের ভিত্তি হল ত্যাগ। আর রাজার রাজকোষে অর্থাগমের লক্ষ হল সাম্য প্রতিষ্ঠা। রাজা সবার প্রতি সমান দৃষ্টি জ্ঞাপন করবেন।

আর্থ ব্যবস্থায় সাম্য স্থাপন করবার তত্ত্ব এবং উদ্যোগ মানব সভ্যতায় প্রথম কারণ কৌটিল্য। কৌটিল্যই প্রথম বিশ্বব্যবস্থায় একটি সাম্য ও সুষম রাষ্ট্র ব্যবস্থা ও সমাজ ব্যবস্থার প্রস্তাবনা দিয়েছেন। এই ব্যবস্থাটি সম্ভব একমাত্র সেসব মানুষদের দ্বারা যারা ভগবৎ পথের, সত্যের পথে স্থিত শুধুমাত্র নয়; যারা বাস্তব জীবনেই ভগবানকে বরণ করে নিয়েই জীবন পথে চলেছে এগিয়ে। নিত্যদিনের কর্মপথের মাঝে যে খুঁজে পেয়েছে পথের রাজা, ভগবানকে, যে করেছে তাঁকে নিত্য দিনের জীবনের রাজা, জীবনের প্রধান ও একমাত্র আশ্রয়, সেই ব্রহ্মজ্ঞান পুষ্ট ব্যক্তিই একমাত্র এ সাম্য সমাজ ও সাম্য অর্থনীতিকে গড়ে তুলতে পারে। এই মানুষটি ব্রহ্মজ্ঞান পথিক। এমন ব্রহ্মজ্ঞান পথিকদের মধ্য থেকেই বেরিয়ে আসবে সেই সোনার মানুষটি যে একেবারেই ব্রহ্মভাবে নিমর্জ্জিত। ভগবানকে ছাড়া যে মানুষ অন্য কিছু আকাঙ্ক্ষা করে না। যার কোনও রূপ আকাঙ্ক্ষা নেই, নেই কোনও কামনা-বাসনা। বিষয়, সম্পদ, সুখ প্রভৃতির কিছুই যার চাওয়া নেই। যে চায় না কোনও কিছু নিজের জন্য, যার নেই কোন বাসনা, যে নির্মোহ। যে ব্যক্তি নিজেকে সঁপে দিয়েছে ভগবানের চরণে, একমাত্র সেই ব্যক্তিই পারে সমাজ ও রাষ্ট্রের সঠিক পরিচালন করতে। ধর্মকে 'আফিঙ' এর সমান যাদের দৃষ্টিতে তাদের না আছে বা ছিল ধর্ম ও অধ্যাত্ম সম্পর্কে কোনও বোধ ও জ্ঞান, না ছিল ভারতের প্রাচীন বৈদিক সভ্যতার ও তার বাণী নির্যাস সম্পর্কে কোনও ধারণা। অন্ধত্বই সমাজকে গ্রাস করে তাড়াতাড়ি। একটা বিশেষ শ্রেণীর মানুষদের ক্ষমতার কেন্দ্রে বসিয়ে দিলেই কোনও সমাধান হয় না। এই মানুষগুলোও হয়ে ওঠে জল্লাদ, শোষক, অত্যাচারী শাসক, পররাষ্ট্রগ্রাসী, একনায়করূপী দৈত্য। ইতিহাসের শিক্ষায় দেখা যায় ভগবৎ পথের পথিক, ব্রহ্মজ্ঞান পথের পথিক ব্যতীত অন্য যে কোনও ব্যক্তি বা গোষ্ঠী বা শ্রেণী তাদের নিজ নিজ গোষ্ঠী বা শ্রেণীর স্বার্থ ছাড়া জনসাধারণের হিতসাধন পারে না।

নবীন মন্ত্রে ঃ

বি যে ভ্রাজন্তে সুমখাস ঋষ্টিভিঃ।
প্রত্যাবয়ন্তো অচ্যুতা চিদীজমা।
অনোজুবা যন্মরুতো রথেষু আ।
বৃষব্রতাসঃ। দৃষতীঃ অয়ুসধ্বম্।। (ঋ. বে. ১/৮৫/৪)

সাধন পথে হোক প্রস্তুত এক নবীন মন্ত্র
মন্ত্রের সাধন করবে প্রস্তুত বিজয়ের মন্ত্র।
তোমায় করেছে যে হৃদয় আহ্বান জীবনের পর্বে
হয়েছে তার প্রাণশক্তি ভরপুর দেবশক্তির দীপ্তিতে।
আলোর মালা এসেছে জীবনের পর্বে পর্বে দিয়ে প্রভা
দিব্য জ্যোতির্ময় এক জ্ঞানের প্রবাহ এসেছে জীবন মাঝে।
তোমার সকঙ্গ যে পেয়েছে হয়েছে সে আলোকে দীপ্ত।
এখন কর তোমার নিত্য সাথী জীবনের এই বিজয় রথে।।

জীবনের নিত্য প্রবাহে ঃ

প্র যৎ রথেষু পৃষতীঃ অয়ুগধ্বং।
বাজে। অদ্রিং মরুতৌ রঙ হয়ন্ত।
উত ঐরুষস্য বিষ্যন্তি ধারাঃ।
চর্মের উদভিঃ বি উদন্তি ভূম। (ঋ. বে. ১/৮৫/৫)

জীবনের এই উত্তরণের ক্ষণে হয়েছে নতুন যোজনা
যেমনে এসেছে জলের ধারা ঝর্ণার পথে
হয়েছে যেমনে বায়ুর সঞ্চালনে অনর্গল ধারায়
প্রবাহিত হয় যেমনে জীবনের সব ভাবনার ধারা।
এখন দেবতার দেওয়া অবারিত দানে ভরেছে জীবন
সাধনের সব পর্বেই এসেছে তোমার পরশ সদাই।
বায়ুর প্রবাহে এসেছে প্রাণের পরশ মহাপ্রাণ থেকেই
তোমার উপলব্ধির এই নিত্য প্রবাহ চলুক জীবনের সদা চলনে।।

দেবত্বে বিস্তর ঃ

আ বো বহন্তু সপ্তয়ো রঘুষ্যদো।
রঘু পত্বান্ প্র জিগাৎ বাহুভিঃ।
সীদতা বহিঃ উরু বঃ সদঃ কৃতং।
মাধয়ধ্বং মরুতো মধ্বো অন্ধমঃ।। (ঋ. বে. ১/৮৫/৬)

তোমার চেতনের পরশ নিয়ে হয়েছে গতিময়
যা কিছু হয়েছে অভীপ্সার রথ এ পর্যন্ত
তোমায় নিয়ে চলেছি এগিয়ে জগতের প্রান্তরে
সেই তোমায় করতে বরণ সর্বময় জিজ্ঞাসার প্রদীপ।
হৃদয়ের মাঝে করেছি বরণ তোমায় সদাই
যেমন করে এসেছে জীবন মাঝে তোমার আহ্বান।
যখনই হয় অনুভবের সূচনা করি আলিঙ্গন।
তোমায় নিয়ে সদাই চলেছি এই জীবন পথে নিত্য রথে।।

বিষ্ণু প্রসাদে ঃ

তে অবধন্ত স্বতবসৌ।
মহিত্বনা নাকং তস্থুঃ উরু চক্রিরে সদঃ।
বিষ্ণুঃ যৎ আবদন বৃষনং মৎ চ্যুতং।
বয়ো ন সীদন্ অধি বর্হিষি প্রিয়ে।। (ঋ. বে. ১/৮৫/৭)

তোমর দেওয়া শক্তির প্রকাশ হয়েছে জগতে
ভূমির প্রসাদ পেয়েছি যা কিছু এসেছে সেখানে

তোমারই ভাবকণা করতে প্রকাশ সদাই।
হোক তোমার প্রসাদ জগতের জন্য উদার দাতা
এমন করে হয়েছে যে প্রবাহ সদাই তোমার পরশে।
অন্তর মাঝে আছে ঐ দেবচেতন প্রদীপ হয়ে মূর্ত।
তোমার মহত্ব হোক বিস্তৃত সদা প্রকাশ পথে
দাও তোমার কৃপার সীমা করে প্রসারণ জীবনে।।

সমাজ ও রাষ্ট্র ব্যবস্থার মধ্যে সুষম সাম্যাবস্থা প্রস্তুত করতে হলে চাই সব মানুষের সহযোগ ও অংশগ্রহণ। 'পার্টিসিপেশন ইন দি ইকোনমিক প্রসেস' বা আর্থ ব্যবস্থায় অংশগ্রহণ সাম্যাবস্থার প্রধান সোপান। প্রাচীন ভারতীয় বৈদিক অর্থনীতির বিকাশভূমি সব মানুষ অথবা প্রায় সব মানুষের অংশগ্রহণ ও সহযোগের উপর প্রতিষ্ঠিত। এই বিকাশভূমিটি যতই হয়ে উঠবে সার্বিক ততই হবে নিবিড় আর্থ বিকাশ। বহু মানুষ বা সব মানুষের জন্য যা কিছু শুভ তারই বিকাশ পর্ব নিশ্চিত হয়ে উঠবে এই আর্থ ব্যবস্থায়। অর্থশাস্ত্রে কৌটিল্য এজন্যই জোর দিয়েছেন উৎপাদনী শক্তির উপর। এই উৎপাদনী শক্তির কেন্দ্রে রয়েছে মানুষ। ভারতের অধ্যাত্ম আর্থ ব্যবস্থার প্রধান ভিত্তি মানুষ। মানুষ যদি সত্যি করে তৈরী হয় তবে সেই মানুষটি সমাজ রাষ্ট্র অথবা বিশ্বের জন্য সবচেয়ে উপযোগী হয়ে উঠতে পারবে। আধুনিক ব্যবস্থাদি এজন্য শিক্ষার প্রসারের উপর জোর দিয়েছে। শিক্ষার প্রসার ঘটিয়ে ছাত্রদের মধ্য দিয়ে জাতীয় বা অঞ্চল ভিত্তিক চেতনার প্রসার ঘটবে এমন বিশ্বাস নিয়ে ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রভৃতি আন্তর্জাতিক সংস্থা কাজ করছে।

'National and subnational learning assessments provide system level insights that classroom assessments by teachers cannot. to guide an education system, policy makers need to understand whethr students are mastering the national curriculum, in which areas students are stronger or weaker, Whether certain population groups are lagging behind and by how much, and which factors one associated with better student achievement.'

(Learning the Realise Education's promise, World Bank Report 2018, The World Bank, p. 18.)

শিক্ষা প্রকৃতভাবে সম্পাদন হল কিনা এজন্য জাতীয় বা আঞ্চলিক ভিত্তিতে শিক্ষার প্রসার কার্যটিকে তদারকী করতে হয়। শিক্ষক তার পড়ানোর সময়ে ছাত্রদের যে বিদ্যা শিক্ষার পরিমাপ করে থাকেন এই পরিমাপটি সম্পূর্ণ হয় না। জাতীয় অথবা আঞ্চলিক মাপকাঠিতে দেখতে হবে জাতীয় প্রত্যয় অনুসারে ছাত্রদের মধ্যে বিস্তার লাভ করছে কিনা শিক্ষা ব্যবস্থা। দেখতে হবে বেশি পারদর্শী ছাত্ররা যখন অন্যদের তুলনায় এগিয়ে চলেছে তখন অন্যরা কেমন করে পূরণ করবেন তাদের আরও বেশি করে পারদর্শী হওয়ার প্রেরণা ও আশা।

আধুনিক শিক্ষা ব্যবস্থাটি বাহ্য কেন্দ্রীক। বাইরে থেকে ভিতরে আহ্বান করে নিয়ে আসা এই ব্যবস্থা। এজন্য এই শিক্ষা ব্যবস্থা বেশি করে তথ্যভিত্তিকও অনেক ক্ষেত্রে তত্ত্ব ভিত্তিক হয়ে উঠছে। তথ্য ভিত্তিক হওয়ার ফলে এই ব্যবস্থার মধ্যে রয়েছে যে সব উপাদান তার প্রায় সবই বাহ্য কেন্দ্রীক। বিজ্ঞান প্রযুক্তি শিল্প কলা সবই এমন পরিবেশ ও পরিস্থিতি থেকেই উত্থিত। এরই ভিত্তিতে অর্থ ও কর্ম সংস্থানের জন্য যে প্রতিযোগিতা ফুটে উঠেছে বিশ্বব্যাপী সর্বত্র সেখানে নিত্যই এরকম ভাববিকাশী হয়ে থাকার সামগ্রিক প্রবণতাই এসেছে ছাত্র যুবক ও অন্যান্যদের মধ্যে। বিশ্ব সংস্থাগুলি শিক্ষার পরিমাপ করতে গিয়ে জাতীয় ও আঞ্চলিক ভাবাদর্শের গুরুত্ব বুঝতে পেরেছে কিছুটা হলেও। এজন্যই শিক্ষার উদ্দেশ্যকে জীবনে ধারণ ও বরণ করে নেবার প্রাসঙ্গিকতার মধ্যে খুঁজে নিয়েছে নিত্য সংযোজন নিত্যদিন এগিয়ে চলার প্রয়াস, নিত্যদিনের কর্মপথে জগতের কোনও ক্ষেত্রে কোনও রূপ বিজয়ের জন্য। প্রতিযোগিতায় বিজয় হয় অল্পজনের আর পরাজয় হয় বহু জনের। জয়-পরাজয়ের মধ্য দিয়েই এগিয়ে চলেছে সমাজ, রাষ্ট্র ও সভ্যতা। সমগ্র বিশ্বব্যাপী এই প্রবণতার মধ্য দিয়ে ফুটে উঠেছে নিত্য বিকাশধারা। কম বেশি এই বিকাশ ধারাই বিশ্ব ব্যবস্থার বন্ধনী। কিন্তু এই শিক্ষাব্যবস্থা, এই বিশ্ব ব্যবস্থা পারেনি বন্ধ করতে বুভুক্ষা, দারিদ্র, বৈষম্য, সংঘাত, হতাশা, বিশাদ, মানসিক দৈন্য, নিম্নগামিনতা, পাশবিক প্রবৃত্তি বিদ্বেষ, ঘৃণা, লোভ, মোহ প্রভৃতি; পারেনি প্রতিষ্ঠা করতে প্রশান্ত, সুষম সমাজ ও সভ্যতা।

দেবতার এই প্রকাশে ঃ শুরা ইবেদ যুযুধয়ো ন জগ্ময়ঃ।
শ্রবম্যবো ন পূতনাসো যে তিরে।
ভয়ন্তে বিশ্বা ভুবনা মরুদভ্যৌ।
রাজান্ ইব ত্বেষ সংদৃশো নরঃ।। (ঋ. বে. ১/৮৫/৮)
প্রেরণার ধারা এসেছে মানবের জীবন মাঝে
যে সংগ্রাম পর্বে এসেছে জীবনের আগ্রহ।
রাজ বৃত্তে হোক জীবনের নতুন স্ফূর্তি
হোক নবীন প্রভায় প্রভাবিত সব চেতন ধারা।
দেবপ্রকাশ হয়েছে যা কিছু জীবনের উন্মেষে
জীবন দেবতা হোক সদা প্রসন্ন সময়ের প্রদীপে।
যেমন করে এসেছে জগৎ মাঝে তোমার পরশ
হয়েছে তেমন করে সবার তরে নিত্য প্রকাশে।।

অমৃত চেতনে ঃ ত্বষ্টা যদ্ বজ্রং সুকৃতং।
হিরণ্যয়ং সহস্রভৃষ্টং। সু অপা।
অবর্তয়ৎ। ধন্ত ইন্দ্রঃ নর অপাংসি কর্তবে।
অহন্ বৃত্রং নিঃ অপাম্ তৌ ব্যজৎ অর্নবম্।। (ঋ. বে. ১/৮৫/৯)
হয়েছে যে কর্ম পরিচয় এই জীবনের এখন
জ্যোতির্ময় সুকর্ণ ঐ রথের আবহ দিয়েছে যেমনে।
আলোর দেবতা এসেছে যে আলোর প্রদীপ
হোক সে শিখাময় জীবনের প্রকাশ পর্বে সদা সঞ্চারে।
এখন আসুক বার্তা করতে বরণ তোমায় নিত্যভাবে।
দেবতার এই রাজবৃত্ত দিক জীবনের জাগরণ মন্ত্র।
যেমন করে হয়েছে সে মন্ত্রের উন্মেষ পর্বে
আসুক শ্রবণ পর্বে তোমার অমৃত বার্তা।
যখনই হয় প্রক্ষিপ্ত তোমার চেতন জগৎ মাঝে।।

সুষম-সাম্য সমাজ গড়তে হলে চাই তেমন মনবিক পরিকাঠামো। জড় পরিকাঠামো, প্রযুক্তি, বিজ্ঞানের প্রয়োগ, সামগ্রিক বিকাশ সবই সম্ভব হয় যদি উপযুক্ত মানবিক স্তরের পরিকাঠামো গড়ে ওঠে। সুষম-সাম্য একটি সামগ্রিক তত্ত্ব। ভারতবর্ষের বৈদিক আর্থ ব্যবস্থার ভিত্তি রচনা হয়েছে ব্যক্তির উপরেই। ব্যক্তিকে হতে হবে ত্যাগব্রতী। রাষ্ট্র বা সমাজের সবার উত্থানের জন্য রাজা বা নেতৃত্ব বিনিয়োগ করবেন তার সবটুকু শক্তি ও সামর্থ। রাজা বা নেতৃত্ব কোনও ক্ষুদ্র স্বার্থ, কোন শ্রেণীস্বার্থ অথবা কোনও গোষ্ঠী স্বার্থের কারাগারে বন্দী থাকবে না। রাজা বা নেতৃত্ব হয়ে উঠবে উদার ব্যাপক — সবার কাছেই গ্রহণীয়, বেশিরভাগেরই আদরের। এই ব্যবস্থাটি ভিত্তিমূলে থাকবে ঐতিহ্য ও সভ্যতার মধ্যে যা কিছু সদ্‌গুণ রয়েছে সেগুলি। আর্থ ব্যবস্থাটি হবে অধ্যাত্ম ভিত্তির। সব মানুষই পারবে অধ্যাত্ম জাগরণের পথে, আত্মজ্ঞান লাভের পথে এগিয়ে যেতে। রাজা বা নেতৃত্ব গড়ে তুলবেন একটি প্রেরণার বাতাবরণ যার মধ্য দিয়ে সকলে এই বিশ্বাসে পৌঁছতে পারবে মানুষজন। সবার মধ্যে যে সুপ্ত সম্ভাবনা রয়েছে রাজা বা নেতৃত্ব প্রয়াস করবেন মানুষের মধ্যেকার ঐ সুপ্ত সম্ভাবনার প্রকাশ ঘটাতে। রাজা বা নেতৃত্ব জানবেন মানবের অন্তর মাঝে রয়েছে দেবত্বের অধিষ্ঠান — তাকে জাগ্রত করতে হবে এমনভাবে যার ফলে ঐ সুপ্ত সম্ভাবনা বিকশিত হয়ে পরিণত হবে প্রয়াস ও কর্মে। এইসব প্রয়াস ও কর্মই আনবে আর্থ ব্যবস্থার মাঝে জোয়ার। এসবের মৌল প্রেরণা আসতে হবে রাজার মৌল চরিত্র বিকাশ থেকে। এই রাজাই রামরাজার সমান গুণের হতে পারবেন প্রয়াসের দ্বারা। ব্রহ্মজ্ঞানী নির্মোহ, ত্যাগী, নিতেন্দ্রিয়, সত্যময়, সত্যপথের অধিকরী এই রাজাই পারবেন ভাগবতী তত্ত্বকে বাস্তব প্রয়োগের মাধ্যমে সমাজ ও সভ্যতায় একটি সুষম-সাম্য-সমন্বিত সমাজ ও বিশ্বব্যবস্থা গড়তে। হয়ে উঠুক রামময় রামরাজত্বের বিশ্ব প্রসার।

—ঃঃ—

উৎস

সনৎ সেন (পণ্ডিচেরি)

এই পৃথিবী আমাদের এই ধরা
তা' কী সত্যিই অধরা
এই জন্ম জীবন আর এই মৃত্যু
জীবনচক্র আর জটিল ঘূর্ণাবর্ত—
আগুনে সম্যক আহুতি আর
তাতে সৃষ্টি হয় যজ্ঞধূমের
সহস্র আবর্তে ধূম্রজালের
গমন আদিত্যে
সেখান থেকেই মেঘ
মেঘ থেকে জলবিন্দুর সমন্বয়ে বৃষ্টি
তির্যক নিরালম্ব বৃষ্টিধারা নেমে আসে মাটিতে
মৃত্তিকার সংযোগে ঘটে অঙ্কুরোদ্গম
সূর্যের আলোয় প্রকৃত পরিবেশে চারাগাছ
থেকে গাছ গাছগাছালি বৃক্ষ আর
শস্যদানা যা জীবজগতের তাবৎ প্রাণীর অন্ন
এক একটি প্রাণের নিঃশ্বাস প্রশ্বাস স্পন্দন
যজ্ঞই বিষ্ণু যজ্ঞই ঈশ্বর
সবেতেই সেই মুক্ত পরমাত্মা।
এসো আমরা সেই দিব্য জ্যোতির
উপাসক হই
এসো আমরা ঈশ্বর প্রবর্তিত পথের
অনুগামী হই
তাঁরই দিব্য আলোয় সমৃদ্ধ হই।

—ঃঃ—

আজাদ হিন্দ ফৌজ অপরাজেয়

পার্থসারথি বসু

In this unprecedented crisis in our history. I hope only one word to say. Do not be depressed at our temporary failure. Be of good cheer and keep up your sprit above all, never for a moment falter on your faith in India's destiny, There is no power on earth that only keep India enslaved. India shall be free and before long.

– Netaji Subhas Ch. Bose's messess to Indian people.

আধুনিক যুদ্ধে কৌশলগত কারণে মাঝে মাঝে পশ্চাদসরণ করতে হয়, সাময়িকভাবে। 2nd World War's সোভিয়েট রাশিয়া হিটলারকে বিভ্রান্ত করতে পিছু হটতে হটতে মস্কোর কাছে চলে এসেছিল। হিটলার ভেবেছিলেন এই যুদ্ধে জয় তার নিশ্চিন্ত। নেতাজী বার বার হিটলারকে এবং তৎকালিন জার্মান কর্তৃপক্ষকে সাবধান করে দিয়েছিলেন রাশিয়া আক্রমণ না করতে। যদি নেতাজীর কথা হিটলার শুনতেন তাহলে ইতিহাস আজ অন্য রকমভাবে লেখা হত। নেতাজীর অন্তর্দৃষ্টি এবং বিশ্ব রাজনীতির নানা কৌশল ছিল নখদপর্ণে। তিনি তাই জার্মানী থেকে চলে আসেন হিটলারের পতন অনিবার্য জেনে, এখানেই দিব্যপুরুষ এবং লৌহপুরুষের মধ্যে মৌলিক পার্থক্য। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমর নায়কদের মধ্যে ছিল রাজাগুণের প্রাবল্য। যা তাদের ধ্বংসলীলায় তাণ্ডবে মেতে উঠতে বিন্দু মাত্র হৃদকম্প হয়নি। নেতাজী ছিলেন বর্তমানকালের অর্জুন। তার মধ্যে ছিল সত্ত্ব এবং রজোগুণের সমন্বয়, পৃথিবীর ইতিহাস দেখা গেছে সত্বগুণি বিবর্জিত মানুষ আদিকাল থেকে শুধুমাত্র রজোগুণের তীব্র প্রাবল্যে ইতিহাসের তথাকথিত নায়কেরা নিষ্ঠুর হত্যালীলা সংঘটিত করতে কোন চক্ষুলজ্জার ধার ধারতেন না। দুর্যোধন, কর্ণ, রাবণ এরা ছিলেন বিপুল শক্তিসম্পন্ন রজোগুণের আধার, কিন্তু এদের মধ্যে ছিল না কোন ছিটফোঁটা সত্ত্বগুণের নির্মল সুবাস, যা মানুষকে সাহায্য করে সত্যের পথে এগিয়ে নিয়ে যেতে।

শুধুমাত্র রজোগুণকে আশ্রয় করে জীবনপথে চলতে কি পরিণতি হয় তা অনুপমভাবে ব্যাখ্যা করেছেন প্রখ্যাত লেখক এবং শিক্ষাবিদ ডাঃ রমাপ্রসাদ ব্যানার্জী তাঁর সদ্য প্রকাশিত। "Gita for Work and Life." -এ । তিনি লিখছেন, " While cultivating

the energy, strengh and power towards life dynamic, the Rajat guha person may be come a problem for the work. An example of a Raja guha person is there in the Mahabharat. Duryadhana personality exemplified rajah guna: he was powerful and enegetic, capable of ta.....

সর্বকালে সর্বযুগেই দুর্যোধনের এই পৃথিবীর মাটিতে তাদের দর্পিত পদধ্বনিতে কম্পিত করেছে। এরা সবাই ডাঃ ব্যানার্জী বর্ণিত দুর্যোধন এবং কর্ণের মানসজাত বংশধর যাদের মধ্যে প্রবল রজোগুণ ভালো ছিল না। সত্ত্বগুণের বিন্দুমাত্র ছিটেফোঁটা, একমাত্র ব্যতিক্রম সুভাষচন্দ্র। তিনি ছিলেন সত্ত্বও রজোগুণের অপূর্ব সমন্বয়ে এক হৃদয় পরিপূর্ণ মহানায়ক। হৃদয় না দিলে হৃদয় পাওয়া যায় না। ভালবাসা না দিলে ভালবাসা পাওয়া যায় না। জীবন না দিলে জীবন পাওয়া যায় না। নেতাজী তাঁর হৃদয় উজাড় করা ভালবাসা এবং জীবন উৎসর্গ করেছিলেন দেশমাতৃকার চরণে, তাই সেদিন ইতিহাসের মহেন্দ্রক্ষণে রক্তস্নাত দক্ষিণপর্ব এশিয়ার ভয়ংকর রণাঙ্গণে প্রবাসী ভারতীয়রা তাঁদের জীবনদেবতাকে নিঃদ্বির্ধায় সমর্পণ করেছিলেন ধন, জন এবং জীবনের প্রতিটি রক্ত বিন্দু।

মানুষ যখন পরমের দর্শন পায় তখন তাঁর জীবনের সমস্ত ভোগ্যবস্তুর আকর্ষণ তুচ্ছবোধ হয়। সম্পদ, দেহসম প্রাণপ্রিয় প্রিয়জন তাঁর কাছে মূল্যহীন অসাড়ে পরিণত হয়। প্রলয়ংকারী দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিভিষীকাময় কালরাত্রিতে মৃত্যু, যন্ত্রণা এবং ক্ষুধার মধ্যে আজাদ-হিন্দ-ফৌজ এবং ঝাঁসীর রাণী ব্রিগেডের অসীম সাহসী আত্মত্যাগী নারী এবং পুরুষেরা নেতাজীর মধ্যে এক অলৌকিক দৈব পুরুষের দর্শন পেয়ে জীবনধারণ তাঁদের কাছে সার্থক হয়েছিল। মৃত্যুযন্ত্রণার মধ্যেও তাঁদের ছিল না কোন অভিযোগ ছিল না কোন পিছুটান, ছিল না কোন স্বার্থের সংঘাত, কেন না তাঁরা যে দর্শন পেয়েছেন পরমপুরুষ নেতাজীর। শাহ নওয়াজ খান তাঁর পুস্তকে আজাদী সৈনিকের যে অচিন্তনীয় এবং অভূতপূর্ব কাহিনীর বর্ণনা করেছেন তা পাঠ করলে এইসব অমর দেশপ্রেমিক সৈনিকের প্রতি শ্রদ্ধায় মাথানত হয়ে যায়।

খাদ্য নেই, ঔষুধ নেই যুদ্ধের রসদ ফুরিয়ে অকাল বর্ষণে তখনও এই বীর সৈনিকেরও সংকল্পে অটুট। তাঁদের মনোবলে একটুও চিড় ধরেনি। কঠিন লড়াই করে চরম সাফল্যের কাছে আবহাওয়ার ভয়ংকর প্রতিকূলতার জন্য যখন তাদের পশ্চাদসরণ করতে হয়তা ছিল ইতিহাসের চরম দুর্ভাগ্যের ঘটনা। তখনকার কথা উল্লেখ করে শাহনাওয়াজ খান লিখছেন, " এইরূপ অনাহারে ভীষণ বর্ষার মধ্যে হাঁটু সমান কাদা ভেঙ্গে মারাত্মক মালেরিয়ার জীবাণুবাহী মশা এবং বিষধর পোকা ভরা নিবিড় অরণ্যপথে আমাদের সৈন্যদের পশ্চাদসরণ করতে হয়।

এই সময় আমাদের সকাল প্রকার বিধিব্যবস্থাও বিনিষ্ট হয়ে গিয়েছিল। ডাক্তারদের ঔষুধ ছিল না যে চিকিৎসা করবেন, তাছাড়া তাঁরা নিজেরাও ম্যালেরিয়া ও আমাশয় ভুগছিলন, আশেপাশের জঙ্গলে বড় বড় সব মাছি ভন ভন করত মৃত মানুষের মৃতদেহের উপর দিবারাত্র বসে। এছাড়া আরও কতরকম বিভৎস দৃশ্য যে দেখা যেত তা বর্ণনা করা যায় না যে একবার এই দৃশ্য দেখেছে জীবনে সে কখনও ভুলতে পারবে না।

পশ্চাদসরণের পথে একবার আমি দেখি একধারে এক যুদ্ধে আহত সৈনিক পড়ে রয়েছে। কয়েকমাইল হেঁটে যাবার সে ার চলতে পারছে না। পথের ধারে পড়ে থেকে মৃত্যু এসে কখন তার সকল জ্বালার অবসান করে দেয় তারই আকাঙ্ক্ষা সে করবে, ক্ষতস্থানে তার পোকা কিলবিল করছে—মৃত্যুর আর বড় বেশী দেরি নেই। আমি তাঁর কাছে গেলে সে চোখ মেলে আমার দিকে তাকালে, সে একবার উঠতে চেষ্টা করল। কিন্তু উঠবার তার শক্তি ছিল না। সুতরাং সে আমাকে তাঁর পাশে বসতে ঈঙ্গিত করলো, এমনি করে আমায় বসিয়ে সে বললে, সে আমার কাছে কয়েকটি কথা বলতে চায় যা তার হয়ে আমাকে নেতাজীর কাছে বলতে হবে। কথাগুলি বলবার সময় তার দুই চোখ দিয়ে জল গড়াতে লাগল, সে বললে—"সাহেব আপনি তো ফিরে যাচ্ছেন— নেতাজীর সাথে আপনার দেখা হবে, কিন্তু আমার সাথে তাঁর দেখা হবে না। তাঁকে জয়হিন্দ জানিয়ে বলবেন—তাঁর কাছে আমি যে অঙ্গীকার করেছিলাম সে অঙ্গীকার আমি অক্ষরে অক্ষরে পালন করেছি, কি করে আমার মৃত্যু হল সে কথা আপনি তাঁকে খুলে বলবেন। আমার জীবন্ত অবস্থাতেই পোকা কেমন কুরে কুরে খেয়েছে সে কথা বলবেন, আর এ কথাও তাকে বলবেন—এই নিদারুণ যন্ত্রণার

মাঝেও এক দিব্য আনন্দ ও অপূর্ব শান্তি পাচ্ছি আমি মনে। কারণ প্রতি মুহূর্তেই মনে হচ্ছে— আমি আমার জন্মভূমি ভারতবর্ষের স্বাধীনতার জন্য জীবন দিচ্ছি।" এটা শুধু এ কথা নয়— প্রতিদিন এইরূপ শত শত ঘটনা ঘটত। সৈন্যরা এতখানি মনের বল যে কি করে পেল ভাবলে আশ্চর্য বোধ হয়— মুহূর্ত সৈন্যরা জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত নেতাজী এবং তাঁর কাছে তারা অঙ্গীকার করেছে তার কথা ভুলতে পারেনি।" ঐ পৃ. ১২৮-১২৯

সমস্ত গায়ে পোকা কিলবিল করছে, অসহ্য যন্ত্রণা, মুখে একটু জল দেবার কেউ নেই মৃত্যু এসে যে কোন সময় জীবনদীপ নিভিয়ে দেবে, ভাবলে আশ্চর্য লাগে এই সৈনিক মৃত্যু সন্নিকটে এবং প্রচণ্ড যন্ত্রণার মধ্যেও বলছেন যে তিনি এক অপূর্ব শান্তি এবং দিব্য আনন্দ অনুভব করছেন। কেননা তিনি তাঁর ইষ্টদেবতা নেতাজীক সুভাষচন্দ্রের নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করে ভারতবর্ষের স্বাধীনতার জন্য বীরের মৃত্যু বরণ করেছেন,

শাওনাওয়াজ খান আরও লিখেছেন, " আমি বহুবার দেখেছি আমাশয় আর বেরিবেরিতে ভুগে সৈন্যদের মুখ এবং পা ভীষণভাবে ফুলে গিয়েছে—এত দুর্বল যে এক পা আর তাদের চলবার শক্তি নেই। এই অবস্থায় তাঁদের অফিসার ক্রমে এর মধ্যেই ভুলে গেলে? বীরের মত তোমরা সকল দুঃখফল অকাতরে সহ্য করবে—এই তোমাদের প্রতিজ্ঞা ছিল না? এখান থেকে ৫০ মাইল দূরে কালওয়াতে আমাদের নেতাজী আমাদের পথ চেয়ে বসে আছেন, সেখানে নিয়ে তাঁকে দেখতে ইচ্ছা করে না তোমাদের"? এই সব বলে অফিসার যেই তাদের উঠে চলতে হুকুম দিতেন—অমনি যেন কোন্ যাদুমন্ত্রের শক্তিতে তাদের নির্জীব দেহে কত বল ফিরে আসত। আমি এখনও দেখেছি তাকে রুগ্ন সৈনিক নেতাজীকে একবার দেখবার জন্য হামাগুড়ি দিয়ে এই ৫০ মাইল পথ গেছে এবং গিয়ে নেতাজীকে দেখামাত্র তাদের অনেকে হাসিমুখে মারা গেছে। তাদের মনে এই শান্তি যে তাদের পরম প্রিয় নেতাজীর দেখা তারা পেয়েছে।" ঐ—১২৯

ঠাকুর শ্রীরামকৃষ্ণ দেব বলেছেন ঈশ্বরের দর্শন হলে সমস্ত বস্তুই হয়ে যায় অবস্তু। পরমের দর্শন হলে এই জগতের মূল্যবান ভোগ্য সামগ্রী তখন আলুনি মনে হয়। দিব্যানন্দে তখন সে তখন এই মর্ত্যভূমি ছেড়ে চলে যায়।

আজাদ হিন্দ ফৌজের নারী এবং পুরুষের কাছে নেতাজী ছিলেন ঈশ্বরের সাদৃশ্য। তাই আঘাতে আঘাতে জর্জরীত নিদারুণ মৃত্যু যন্ত্রণার মধ্যে ঘাসের রুটি খেয়ে তারা মৃত্যুর মুখোমুখি হয়েছিলেন। তাদের ছিল না মর্তলোকের কোন কামনা বাসনা। তাদের একটাই বাসনা ছিল দৈবপুরুষ নেতাজীর আদেশ পালন এবং মৃত্যুর পূর্বে তাঁকে একবার দর্শন, স্বয়ং ভগবান তাদের কাছে মানুষরূপে আবির্ভূত হয়েছিলেন এই গভীর বিশ্বাস তাদের মৃত্যুঞ্জয় করে তুলছিল।

নেতাজীর প্রেরণায় আজাদী সৈনিকেরা মানসিক স্তরের যে বিরাট উচ্চতায় পৌঁছেছিলেন তা বহু বৎসর কঠোর সাধনার দ্বারা যোগীরা লাভ করে থাকেন, অনাহার এবং মৃত্যুযন্ত্রণার মধ্যেও শত্রুপক্ষের প্রবল প্রলভন তাঁদের দেশপ্রেমের মানসিক বিচ্যুতি ঘটাতে পারেনি। নেতাজীর কাছে তাঁরা যে অঙ্গীকার করেছিলেন অনাহারে মৃত্যুর সামনেও তারা সে শপথের মর্যাদাকে পবিত্রতার সাথে রক্ষা করেছেন।

ঘাসের রুটি এবং মৃত ঘোড়ার পচা মাংস খেয়ে তারা অসহ্য ক্ষুধার যন্ত্রণা নিবারণ করেছেন। চারদিকে শত শত মৃত সৈনিক, ম্যালেরিয়া আমাশয়, মৃতদেহের অসহ্য দুর্গন্ধ, শকুন, চিল এবং যা নারকীয় উপদ্রপের মধ্যে তারা মৃত্যুর মুখোমুখি হয়েও শত্রুপক্ষের লোভনীয় প্রলভনের মধ্যেও তাঁরা মাতৃভূমি এবং নেতাজীর প্রতি ছিল আনুগত্যে অটল, চরমতম দুঃখ এবং মৃত্যুযন্ত্রণার মধ্যেও তাঁরা নেতাজী এবং মাতৃভূমি ভারতবর্ষের সাথে বিশ্বাসঘাতকতা না করে আত্মত্যাগের এক মহান দৃষ্টান্ত স্থাপন করে শত্রুপক্ষকে মুখের মত বার দিয়ে মহান হয়ে থাকবেন চিরদিন।

দীর্ঘদিনের অনাহার, মারাত্মক অসুস্থতা, ক্ষত-বিক্ষত ভীষণ প্রাকৃতিক দুর্যোগ এবং মৃত্যুর হাতছানির মধ্যে মানুষ খড়কুটো ধরে বাচবার চেষ্টা করে। ব্রিটিশেরা এই সুযোগের অপেক্ষায় ছিল। এই সম্বন্ধে শাহনাওয়াজ লিখেছেন, " নিদারুণ দুঃখ-কষ্ট ভোগ করে আজাদ-হিন্দ ফৌজের সৈন্যদের মনের বল নষ্ট হয়ে গেছে মনে করে ব্রিটিশেরা এই সময় তাদের প্রলুব্ধ করে দলে টানতে চেষ্টা করত। ব্রিটিশ কম্যান্ডারের নামে সই করা রাশি রাশি ছাপা কাগজ তারা এরোপ্লেন থেকে এদের মাঝে ছড়াত। তাতে যা লেখা থাকত তার যথার্থ এই রূপ—"আজাদ হিন্দ ফৌজের সৈন্যগণ তোমাদের গুলি বারুদ নেই। ঔষুধপত্র নেই, খাবার নেই—জঙ্গলের

ঘাস খেয়ে বন্যজন্তুর জীবন তোমরা যাপন করছ। আমাদের দলে এস, ভাল খেতে পাবে, ভাল চিকিৎসার ব্যবস্থা পাবে, তাছাড়া ভাল বেতন পাবে। সবার শেষে পাবে-পুরস্কার, তোমরা এত পাষণ হয়েছে কেন? তোমাদের ছেলেমেয়ে তোমাদের পথ চেয়ে বসে আছে, আমাদের কাছে এস, আমরা তোমাদের তিনমাসের ছুটি দিয়ে বাড়ি পাঠাবে, আমরা প্রতিশ্রুতি দিচ্ছি—সত্যি তোমরা এসব পাবে, ভয় পেও না, এই আমরা তোমাদের সাদর সম্বর্ধনা করে গ্রহণ করব।" আজাদ হিন্দ ফৌজের সৈন্যরা তখন দুর্দশার চরম সীমায় উপস্থিত হয়েছিল—সুতরাং এই প্রলোভন জয় করা তাদের পক্ষে কতই না কঠিন, তবু একবাক্যে তারা সবাই এর উত্তরে বলেছিল—"আমরা বরং পশুর মত বনের ঘাস খেয়ে স্বাধীনজীবন যাপন করব, তবুও সুখাদ্য খাবার বা নিজেদের সন্তান-সন্ততির কাছে খাবার লোভে ব্রিটিশের ক্রীতদাস হয়ে মান খোয়াব না।" সত্যি তারা মান খোয়ানোর চেয়ে মৃত্যুকে অধিকতর কাম্য বলে মনে করেছিল।" ঐ-পৃঃ ১২৫-১২৬

